Jugasankha Patrika

হাঁটুর অস্ত্রোপচারের পর পাহাড়েও যেতে পারবেনঃ ডা. সন্তোষ কুমার

নিজস্ব প্রতিনিধি: বয়স বাড়লে অনেক সময় হাঁটুর সমস্যায় ভুগতে শুরু করেন বহু মানুষ। হাঁটুতে বাতের কারণে অনেকের আবার পা বেঁকে যেতেও শুরু করে। কেউ কেউ চলার ক্ষমতা হারিয়ে ফেলে পুরোপুরি গৃহবন্দি হয়ে পড়েন। কিন্তু সমস্ত সমস্যার অবসান হতে পারে সহজেই। সেক্ষেত্রে প্রয়োজন একজন দক্ষ সার্জেনের। তিনি অস্ত্রোপচার করে হাঁটু বা নিতম্ব প্রতিস্থাপন করে একজন রোগীকে সহজেই ফিরিয়ে দিতে পারেন তাঁর স্বাভাবিক চলমান জীবনে। হাঁটুর অস্ত্রোপচারের পর তখন তিনি পাহাড়েও ঘুরতে যেতে পারবেন। কথাগুলো বলছিলেন অভিজ্ঞ প্রথিতযশা চিকিৎসক ডা. সন্তোষ কুমার।



ডা. সন্তোষ কুমার এবং তাঁর টিম প্রায় ৩০ হাজার নি রিপ্লেসমেন্ট সাজারি করেছেন রীতিমতো সাফল্যের সঙ্গে। তাঁর অস্ত্রোপচারে বিশেষত্ব কী? এ-প্রশ্নের উত্তরে ডা. কুমার বললেন, 'অপারেশন আরও নিখুঁত করে তুলতে রোগীর অনুমতি নিয়ে আমরা রোবোটিক আর্ম ব্যবহার করে থাকি। একবার জয়েন্ট রিপ্লেসমেন্ট হয়ে গেলে প্রায় ২৫ বছর নিশ্চিন্তে থাকা যায়। রোগী এই সময়কালে বেড়াতে যেতে পারেন পাহাড়েও। এমনকী, সাইক্লিং বা সাঁতার করতে চাইলেও কোনও সমস্যা নেই। তাই একটা কথাই বলব, অস্টিওআথ্রাইটিস হলে চিন্তার কিছু নেই। অপারেশন নিখুঁত হলে দুশ্চিন্তার কোনও কারণই নেই।'